



# মাসিক কিশোর- কিশোরী

## সংবাদ



**প্রচার ও প্রকাশনায় : কোষ্ট ফাউন্ডেশন।**

**সহযোগিতায় : পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।**

**মাস : অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ।**

**নভেম্বর ২০২২ খ্রি।**

**বর্ষ : প্রথম বর্ষ**

**সংখ্যা : তৃতীয় সংখ্যা**

### মাসিক মেন্টর সমন্বয় সভা

চলতি মাসে বোরহান উদ্দিন উপজেলার তিনটি ইউনিয়নের মেন্টরদের মাসিক সমন্বয় সভার আয়োজন করা হয় সভায় সাচরা, দেউলা ও পৌরসভার মোট ৯৮ জন মেন্টর অংশগ্রহণ করেন। সভায় চলমান ক্লাবের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন মোঃ সাইদুর রহমান, প্রোগ্রাম অফিসার বোরহান উদ্দিন উপজেলা। তিনি বলেন আমাদের চলমান কর্মকাণ্ডে অওতায় একটি উপজেলার প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ক্লাব গঠন করা হবে। প্রতি ওয়ার্ডে একটি কিশোর ও একটি কিশোর ক্লাব গঠন করা হবে এবং ক্লাবগুলি প্রতিযোগীদের



মাসিক মেন্টর সমন্বয় সভায় উপস্থিত মেন্টর  
বৃন্দ ছবি : খোকন চন্দ্ৰ শীল।

ক্লাবের প্রতিযোগি প্রস্তুত করবেন এবং নিয়মিত মাসিক ক্লাব এর সদস্যদের উপস্থিতিতে মানিক সভা করবেন।

ক্লাবগুলি চারটি কর্মসূচি নিয়ে কাজ করবে সেগুলি হল-ক. সামাজিক সচেতনতা মূলক কর্মকাণ্ড যেমন- বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক, ইভিটিজিঃ প্রতিরোধ, মাদক বিরোধী, নারী, শিশু ও প্রবীন বাস্তব পরিবার গড়ে তোলা ও বিভিন্ন অধিকার বিষয়ক সচেতনতা, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা মূলক কাজ করা। এসব কাজে অবদানের জন্য প্রতি বছর ৩টি ক্লাবকে পুরস্কার প্রদান করা হবে। খ. স্বাস্থ্য সচেতনতা মূলক কর্মকাণ্ড- কিশোর-কিশোরীদের মধ্যে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা তৈরী, সুষম খাদ্য, বয়ঃসন্ধিকাল ও প্রজনন স্বাস্থ্য, বিভিন্ন রোগ প্রতিরোধ ও মানবিক স্বাস্থ্য সচেতনতা বিষয়ে আলোচনা করা এ ছাড়াও বিভিন্ন ক্লাবের বিভিন্ন উৎসাব, সেরা দেয়াল পত্রিকা তৈরী, সেরা পোষ্টার তৈরীর জন্য পুরস্কার প্রদান করা হবে। গ. সফট স্কিল উন্নয়ন প্রশিক্ষণ - কিশোর-কিশোরীদেরকে শুধু

নিয়ে  
ইউনিয়ন  
পর্যায়ে  
প্রতিযোগিতা  
অনুষ্ঠিত হবে।  
মেন্টরগন  
তারা তাদের  
নিতৃত্বে  
তাদের

উচ্চারণ ও করিতা আবৃত্তি, বক্তৃতা ইত্যাদি বিষয় এর উপর প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন করা হবে। ঘ. নেতৃত্ব উন্নয়ন  
গুরিয়েটেশন- কিশোর-কিশোরীদের মধ্যে ক্লাব ও সংগঠন তৈরী,  
নেতৃত্ব নির্বাচন প্রক্রিয়া, সুস্থ গণতন্ত্র চর্চা ও দলীয় ও  
সহঅবস্থানমূলক মানসিকতা উন্নয়ন ইত্যাদি বিষয়সমূহ সম্পর্কে ধারণা  
প্রদান ও চর্চা করার ব্যবস্থা থাকবে। তারা যেন তাদের নিজেদের  
ভোটে ক্লাব কমিটি গঠন করতে পারে সে বিষয়ে ধারণা প্রদান করা  
হবে।

সভায় উপস্থিত একজন অভিভাবক বলেন, আজকাল ছেলে-মেয়েরা  
বাড়ি থেকে বাহির হওয়ার পর কে কোথায় থাকে আমরা জিনিসা,  
বাড়িথেকে স্থুলে যাবার জন্য বাহির হয়। তারা বিভিন্ন পরিবেশের  
সাথে মিশে খারাপ হয়ে যায়, ক্লাবে এসে এ সকল ভালো বিষয়ে  
জানতে পারলে তাদের অনেক উপকার হবে বলে আমি মনে করি।

### একটি ক্লাব ভালো খারাপ হওয়া নির্ভর করে একজন মেন্টরের উপর

বোরহান উদ্দিন পৌর ৩ নং ওয়ার্ডের কিশোর ক্লাবের সেটর মোঃ  
বজলুর রহমান পাটওয়ারী তার আলোচনায় বলেন একটি ক্লাব  
ভালো বা খারাপ হওয়াটা নির্ভর করবে একজন মেন্টরের উপর।

যাদি মেন্টর এর আস্তরিকতা  
থাকে তা হলে সে  
ক্লাব কখনো খারাপ  
হবেনা। একজন  
মেন্টর আনেক  
কিছু জানতে  
হবে যা তার  
সদস্যরা জানে না  
তাহলে সদস্যারা  
মেন্টরকে সম্মান করবে

আলোচনা করছেন বজলুর রহমান, মেন্টর  
কিশোর ক্লাব। ছবি : খোকন চন্দ্ৰ শীল

বা মানবে।  
কিন্তু মেন্টর  
যদি দুর্বল

থাকে বা কিছুই জানেনা তা হলে সে ক্লাব এলোমেলো হয়ে যাবে,

কিশোর-কিশোরীরা ক্লাবে এসে নতুন কিছু শিখতে পারলেই তারা শত কাজের মধ্যেও ক্লাবে আসবে। আরেকটি বিষয় হলো মেন্টরের গ্রহন যৌগিতা, যে এলাকায় ক্লাবটি সংগঠিত হবে সে এলাকায় কমিউনিটির নিকট মেন্টরের গ্রহন যৌগিতা থাকতে হবে। তার আচার-আচরণ, চলাফেরা সুন্দর হতে হবে, যাতে অভিভাবকরা মনে করে যে এ ক্লাবের মেন্টরের দায়িত্বে তারা তাদের ছেলে-মেয়েদের দিতে পারে। যদি সামাজিক তার নামে কোন খারাপ অভিযোগ থাকে তা হলে তার ক্লাবে অভিভাবকরা তাদের ছেলে-মেয়েদের আসতে দিবেন না। এ বিষয়টিও আমাদের মাথায় রাখতে হবে।

আগামী সেপ্টেম্বর, ২০২২ কাজের পরিকল্পনা :

নং	কাজের বিবরণ	সংখ্যা
১.	এলাকাপরিভ্রমন	৩০ ওয়ার্ড

২.	মেন্টর নির্বাচন ও ক্লাব গঠন	৩০ টি
৩.	ক্লাব মিটিং মানিটরিং	১০০
৪.	কমিউনিটি সভা	৩০ টি
৫.	মাসিক সমন্বয় সভা	১০টি

পত্রিকাটির জন্য যারা লেখা দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে অসংখ্য ধন্যবাদ। পরবর্তিতে আরো সুন্দর লেখা পাঠানোর জন্য অনুরোধ থাকলো।

**যোগাযোগ :**

প্রকল্প সমন্বয়কারী, খোকন চন্দ্ৰ শীল, প্রকল্প অফিস, দক্ষিণ চৱানোয়াবাদ সার্কিট হাউজ রোড সংলগ্ন, কোষ্ট ফাউন্ডেশন, ভোলা সদর। মোবাইল নম্বর, ০১৭১৩৩২৮৮৩৯।

**বিদ্রোহ :** এ পত্রিকায় যাদের ছবি দেয়া হয়েছে তা কোন ব্যবসাইক কাজ বা বিক্রির জন্য নয়।